



এক রাতেই ইরানকে ধ্বংসের হুঁশিয়ারি ডোনাল্ড ট্রাম্পের



ডোনাল্ড ট্রাম্প। ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দাবি করেছেন, ইরানকে ঘিরে চলমান উত্তেজনায় যুক্তরাষ্ট্র শক্ত অবস্থানে রয়েছে। তার মতে, প্রয়োজন হলে মাত্র এক রাতেই পুরো ইরানকে ধ্বংস করে দেওয়ার সক্ষমতা মার্কিন বাহিনীর আছে।

তিনি আরও সতর্ক করে বলেন, নির্ধারিত সময়ের মধ্যে কোনো সমঝোতা না হলে বড় ধরনের সামরিক পদক্ষেপ নেওয়া হতে পারে। এমনকি খুব শিগগিরই পরিস্থিতি ভয়াবহ রূপ নিতে পারে বলেও ইঙ্গিত দেন তিনি।

এদিকে, যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথ ইরানের প্রতি কঠোর হুঁশিয়ারি উচ্চারণ করেছেন। তিনি জানান, যুদ্ধ শুরু পর থেকে এখন পর্যন্ত যুক্তরাষ্ট্রের হামলার মাত্রা বেড়েই চলেছে এবং আজকের দিনটি হতে পারে সবচেয়ে বেশি আক্রমণের দিন।

তিনি আরও বলেন, আগামীকাল হামলার তীব্রতা আরও বাড়ানোর পরিকল্পনা রয়েছে। তবে এর মধ্যেও ইরানের জন্য সিদ্ধান্ত নেওয়ার সুযোগ খোলা থাকবে বলেও উল্লেখ করেন তিনি।